গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতখান, ভোলা।
(doulatkhan.bhola.gov.bd)

## দৌলতখান উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির আগস্ট, ২০২৩ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : পাঠান মোঃ সাইদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতখান, ভোলা ।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দৌলতখান, ভোলা।
তারিখ ও সময় : ২৮/০৮/২০২৩ খ্রিস্টাব্দ। সকাল ১০:৩০ ঘটিকা।

**সভায় উপস্থিত সদস্যদের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত আছে।**

উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। বিগত আইন-শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত পাঠ করে শুনানো হলে কোনো পরিবর্তন-পরিবর্ধন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর সভাপতি অদ্যকার সভার আলোচ্য সূচি উপস্থাপনের জন্য দৌলতখান থানার অফিসার ইনচার্জকে অনুরোধ করলে তিনি এ উপজেলার বিগত মাসের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি তুলে ধরেন এবং এ বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়।

দৌলতখান উপজেলায় আগস্ট/২০২৩ মাসের রুজুকৃত মামলার তথ্যাদি:

| ক্র: নং | ধর্ষন | ধর্ষনের চেষ্টা | নারী ও শিশু | চুরি | জুয়া | মাদক | মারামারি | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ১ | ২ | ৬ | ২ | ১ | ৪ | ১০ | ২৬ |

১. চেয়ারম্যান, ০৩ নং চরপাতা ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা সভায় জানান যে, তার এলাকার বর্তমান আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে কিছু কিছু যায়গায় টাশ, মাদক, জুয়া খেলার প্রবনতা লক্ষ করা যায় এ বিষয়ে তিনি সভাপতি দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তার ইউনিয়নে ট্রেড লাইসেন্স গ্রহণের হার তুলনামূলকভাবে কম এ বিষয়ে তিনি নিয়মিত বাজার মনিটরিং করার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন।

২. চেয়ারম্যান, ০৪ নং উত্তর জয়নগর ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা সভায় জানান যে, বাংলাবাজারের মূল সড়কে যানজটের ফলে সাধারণ পথচারীসহ সকল জনগণ অনেক ভোগান্তির স্বীকার হচ্ছে, তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), দৌলতখান, ভোলাকে অনুরোধ করেন।

৩. চেয়ারম্যান, ০৯ নং ভবানীপুর ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা সভায় জানান যে, তার এলাকার বর্তমান আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে রোটারী পাবলিক এর মাধ্যমে বাল্য বিবাহের হার বৃদ্ধি পেয়েছে এ বিষয়ে তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন।

৪. জনাব আবদুর রাজ্জাক শশী, বীর মুক্তিযোদ্ধা সভায় জানান যে, দৌলতখান বাজারের উত্তর মাথাসহ মূল সড়কে যানজটের ফলে সাধারণ পথচারীসহ সকল জনগণের অনেক ভোগান্তির স্বীকার হচ্ছে, এছাড়া তিনি বলেন আগামী দূর্গাপূজা ও জাতীয় সংসদ নির্বাচনে কোন মৌলবাদী/উদ্রবাদী মহল যাতে কোন রকম বিশৃঙ্খলা ঘটাতে না পারে সে বিষয়ে উপজেলা প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীকে সতর্ক থাকার জন্য অনুরোধ করেন।

৫. জনাব অশিত রঞ্জন দাস, সভাপতি, উপজেলা হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদ ও সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, সভায় জানান যে, বর্তমান আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তিনি আগামী ২১ অক্টোবর, ২০২৩ তারিখ শারদীয় দূর্গাপূজা উদযাপনের জন্য উপজেলা প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন।

৬. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, দৌলতখান বাজারের উত্তর মাথাসহ মূল সড়কে যানজট ও ইজিবাইক, ভ্যান, অটোরিক্সা, কাভার্ড ভ্যান এবং মোটরসাইকেল এর এলোমেলো চলাচলের ফলে এ্যাম্বুলেন্স চলাচলে প্রতিনিয়ত যানজটের স্বীকার হচ্ছে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

৭. সহকারী কমিশনার (ভূমি), দৌলতখান, ভোলা সভায় জানান যে, ইভটিজিং, বাল্যবিবাহসহ যেকোন ধরনের অপরাধ বা অসংগতি আমাদের সামনে আসবে তা দ্রুততম সময়ে আইনি প্রক্রিয়ায় প্রতিহত করা হবে। মৃত্যু সনদ এবং ওয়ারিশ সনদ প্রদানের ক্ষেত্রে ইউপি চেয়াম্যানগণকে আরো বেশি সচেতন হওয়ার জন্য অনুরোধ করেন।

৮. অফিসার ইন-চার্জ, দৌলতখান থানা, সভায় জানান যে, মাদকের বিরুদ্ধে জোড়ালো পুলিশি অভিযান পরিচালনা অব্যাহত আছে। প্রত্যেক বাজারে বাজার কমিটির মাধ্যমে পাহাড়াদার বৃদ্ধি করতে হবে। দৌলতখান বাজারসহ অন্যান্য বাজারে যানজট মুক্ত রাখার জন্য বিশেষ বিশেষ পয়েন্ট এবং লঞ্চঘাট এলাকায় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগ করা হবে। তিনি আরও বলেন, দৌলতখান উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পুলিশি অভিযান অব্যাহত রয়েছে। এছাড়া আগামী দূর্গাপূজা ও জাতীয় সংসদ নির্বাচনে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা সভায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**গৃহীত সিদ্ধান্তসমূহ:**

ক. দৌলতখান ও বাংলাবাজারে যানজট মুক্ত রাখার জন্য বিশেষ পয়েন্ট পুলিশ মোতায়েন করার সিদ্ধান্ত গৃহীত হয়;

খ. মাদক, জুয়া, বাল্যবিবাহ ও ইভটিজিং প্রতিহত করার নিমিত্ত নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত থাকবে;

গ. মেয়র ও ইউপি চেয়ারম্যানগন জন্ম সনদ, মৃত্যু সনদ এবং ওয়ারিশ সনদ অনলাইনে প্রদানের ব্যবস্থা নিবেন এবং তা অব্যহত রাখবেন।

ঘ. আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে অফিসার ইনচার্জ, দৌলতখান থানা নিয়মিত পুলিশি অভিযান অব্যাহত থাকবে;

ঙ. সভাপতি আগামী দূর্গাপূজা ও জাতীয় সংসদ নির্বাচনে কোন মৌলবাদী/উদ্রবাদী মহল যাতে কোন রকম বিশৃঙ্খলা ঘটাতে না পারে সে বিষয়ে সবাইকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা, জনপ্রতিনিধি ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সাংবাদিক এবং কমিটির সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৮/২০২৩

(পাঠান মোঃ সাইদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
দৌলতখান, ভোলা।

স্মারক নং-০৫.১০.০৯২৯.০০০.০৬.০০২.২১.৫৫১

তারিখ: ১৪ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ / ২৯ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ

<u>সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিত নয়):</u>

১. সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় সংসদ সদস্য, ভোলা-২ ও মূখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, দৌলতখান, ভোলা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. পুলিশ সুপার, ভোলা।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।
৬. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।

<u>কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

৭. মেয়র, দৌলতখান পৌরসভা, দৌলতখান, ভোলা।
৮. ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা ।
৯. মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।
১০. উপজেলা ........................................................................................................ কর্মকর্তা (সকল), দৌলতখান, ভোলা।
১১. চেয়ারম্যান, ............................................................................................ ইউনিয়ন পরিষদ (সকল), দৌলতখান, ভোলা।
১২. জনাব ............................................................................
১৩. গোপনীয় সহকারি, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দৌলতখান, ভোলা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৪. অফিস কপি।

২৮/০৮/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
দৌলতখান, ভোলা।